

# মিডিয়ামাংকি দিয়ে সাজান ডিজিটাল মিউজিক ফাইল

মোখলেসুর রহমান স্বপন

ইদানিং গান শোনার জন্য ডিজিটাল অডিও ফাইলই সঙ্গীতপ্রেমীদের প্রধান পছন্দ। সবার কম্পিউটার হাড ড্রাইভই ভর্তি শত শত, কখনো বা হাজার হাজার ডিজিটাল মিউজিক ফাইলে। প্রতিটি ফাইলের সঙ্গেই কিন্তু প্রয়োজনীয় কিছু তথ্য যুক্ত করা আছে, যেগুলো আইডিথ্রি ট্যাগ (ID3 tag) নামে পরিচিত। এসব তথ্যের মধ্যে আছে শিল্পীর নাম, মিউজিক-এর ধরন বা ঘরানা ইত্যাদি। সাধারণত দেখা যায় আইডিথ্রি ট্যাগে লিপিবদ্ধ তথ্যের অনেকগুলোই ভুল বা অসামঞ্জস্যপূর্ণ। আর এ অসামঞ্জস্যতার কারণে মিউজিকগুলোকে সুন্দর ও সংগঠিতভাবে সাজিয়ে রাখার ক্ষেত্রে বামোলা পোহাতে হয়। এ নিবন্ধে আমরা মিডিয়ামাংকি নামে একটি ফ্রি সফটওয়্যারের সঙ্গে পরিচিত হব যেটি আমাদের ডিজিটাল মিউজিক সংগ্রহকে সুবিন্যস্ত রাখতে সাহায্য করবে।

১। সবার আগে [www.mediamonkey.com/download](http://www.mediamonkey.com/download) ঠিকানা থেকে মিডিয়ামাংকি ইনস্টলেশন ফাইলটি ডাউনলোড করতে হবে। নীল রঙের Download Mediamonkey বাটনটি চাপুন। এবার মিডিয়ামাংকির ফ্রি ভারসনটি পাওয়ার জন্য ধূসর রঙের Download Now বাটনটি চাপতে হবে। ডাউনলোড করা

ফাইলটিকে উইন্ডো ডেস্কটপে সেভ করুন। এবার ডাউনলোড করা ফাইলটিকে খুঁজে বের করে সেটির ওপর ডাবল ক্লিক করুন এবং ইনস্টলেশন উইজার্ডের ধাপগুলো পেরিয়ে মিডিয়ামাংকি ইনস্টলেশন সম্পন্ন করুন। ইনস্টলেশনের শেষে দিকে আপনাকে জিজ্ঞেস করা হবে কোন কোন ধরনের অডিও ফাইল টাইপ আপনি মিডিয়ামাংকির সঙ্গে ব্যবহার করতে চান। আইডিথ্রি ট্যাগ সম্পাদনার জন্য মিডিয়ামাংকি ব্যবহার করতে চাইলে সবগুলো টিকচিহ্ন আনচেক করে দিন।

২। মিডিয়ামাংকি লঞ্চ হবার পর আপনাকে জিজ্ঞেস করা হবে এর লাইব্রেরিতে মিউজিক ফাইল যুক্ত করতে চান কি না। নিজেকে প্রশ্ন করুন আপনি মিউজিক ফাইল ব্যবস্থাপনা এবং পে- করার জন্য মিডিয়ামাংকি ব্যবহার করতে চান নাকি কেবল মিউজিক ফাইলের আইডিথ্রি ট্যাগকে ঠিকঠাক করার জন্য। উদ্দেশ্য যদি পরেরটা হয়

এবং আপনি উইন্ডোজ মিডিয়া পে-য়ার বা অন্য কোনো মিউজিক পে-য়ার ব্যবহার করেই সন্তুষ্ট থাকেন তাহলে লাইব্রেরিতে মিউজিক ফাইল অ্যাড করার কোনো দরকার নেই। Add/Rescan folders ডায়ালগ বক্সে Cancel বাটন ক্লিক করুন, সে সঙ্গে এড়িয়ে যান নিচে বর্ণিত চার নম্বর ধাপটিও।

৩। Add/Rescan folders আসবে। এটি ব্যবহার করে পিসি-র হার্ড ডিস্কে ব্রাউজ করে চলে যান। তারপর পাশের বক্সে টিক চিহ্ন চিহ্ন দিয়ে যেসব ফোল্ডারে মিউজিক আছে সেগুলো চিহ্নিত করুন। এখানে ফাইল টাইপও অ্যাড করা যায়। MP3 এবং WMA-র মত প্রচলিত ফরম্যাটগুলো সিলেক্ট করাই আছে। কাজ শেষ হলে OK ক্লিক করুন।

৪। কেবল ট্র্যাক আর আইডিথ্রি ট্যাগ ব্যবস্থাপনা করার জন্য মিডিয়ামাংকির লাইব্রেরিতে মিউজিক ফাইল যোগ করার দরকার নেই। তার পরিবর্তে বামদিকের প্যানেলে স্ক্রল ডাউন করে My Computer এন্ট্রিতে গিয়ে নির্দিষ্ট ফাইল আর ফোল্ডার বেছে নিন। সেসব মিউজিক ফোল্ডারই বেছে নেবেন যেগুলো এডিট করার দরকার আছে।

৫। ডানদিকের প্যানেলে একটি ট্র্যাক লিস্ট আসবে। এতে নির্বাচিত মিউজিকগুলোর শিরোনাম, শিল্পী ইত্যাদি সাধারণ তথ্য দেখতে পাবেন। স্ক্রল করে ডানে গিয়ে আরো বেশি তথ্যও দেখা সম্ভব। শিরোনাম এলাকায় রাইট ক্লিক করলে আইডিথ্রি ট্যাগের ক্যাটেগরির একটি ড্রপ ডাউন মেন্যু আসবে। প্রয়োজনের ওপর ভিত্তি করে তথ্যকে টিক এবং আনটিক করুন।

৬। ক্যাটেগরিগুলো ঠিকমত সংগঠিত করার পর এবার ট্র্যাক সংক্রান্ত তথ্য সম্পাদনা করার পালা। উপরের স্ক্রিনশটে আমরা কিছু মিউজিক ট্র্যাকের একটি গ্রুপ দেখতে পাচ্ছি যেগুলো অ্যালবাম আকারে সাজানো আছে। এখানে কিছু ডিটেইল হয় নেই বা থাকলেও অশুদ্ধ। বিভিন্ন সূত্র থেকে

ফাইল সংগ্রহ করে অ্যালবাম তৈরি করলে সাধারণত এটা ঘটে। এ বামোলাকে সহজে দূর করতে চাইলে Ctrl+A চেপে সবগুলো ট্র্যাক সিলেক্ট করুন। এবার সিলেকশনের ওপর রাইট ক্লিক করে যে পপ-আপ মেন্যুটি আসবে সেখান থেকে Auto-Tag from Web বাছাই করুন।

৭। উপরে বর্ণিত পদ্ধতিতে আমাজন-এর ওয়েব সাইট থেকে অ্যালবাম সংক্রান্ত তথ্য অনুসন্ধান করা হয়। এজন্য অবশ্যই আপনার ইন্টারনেট সংযোগ লাগবে। ম্যানুয়ালি প্রতিটি ট্র্যাক এডিট করার চাইতে এ পদ্ধতিটাই ভাল। কোনো অ্যালবাম যদি আমাজনে পাওয়া না যায় তাহলে পর্দার ওপরের দিকের সার্চবক্সে দেখুন এটি ঠিকমত লেবেল করা আছে কি না। নিচের দিকে হলুদ রঙে হাইলাইট করা জায়গাগুলোয় আইডিথ্রি ট্যাগের ভুল চিহ্নিত করা আছে। এটা ট্যাগ বাটন ক্লিক করলে এগুলো পাস্টে যাবে।

৮। এছাড়া ম্যানুয়ালিও প্রতিটি ট্র্যাকের জন্য আইডিথ্রি তথ্য সংযুক্ত করা সম্ভব। এজন্য ট্র্যাকটি সিলেক্ট করে রাইট ক্লিক করে যে মেন্যুটি আসবে সেখান থেকে Properties সিলেক্ট করতে হবে। তখন যে ডায়ালগ বক্সটি আসবে সেখান থেকে একটি একটি করে ট্র্যাককে এডিট করতে হবে।

৯। ট্র্যাক প্রপার্টিজ ডায়ালগ বক্সের উপরের দিকের বাড়তি ট্যাগগুলো লক্ষ করুন। এগুলো ব্যবহার করে মিউজিক ট্র্যাক-এর বিস্তারিত তথ্য (যেমন লিরিক্স এবং অ্যালবাম আর্ট) যোগ করা যাবে।

১০। গোটা প্রক্রিয়াটি সম্পন্ন করলে আপনার অ্যালবাম-তথ্যগুলো অনেক বেশি গোছানো দেখাবে। অন্যান্য অ্যালবামের জন্যও একই প্রক্রিয়ার পুনরাবৃত্তি করুন। ■